

অন্ডাল থেকে চেন্নাই মুন্সইয়ের উড়ান চালু হচ্ছে

অন্ডালের বেসরকারি কাজী নজরুল ইসলাম বিমানবন্দর থেকে চেন্নাই এবং মুন্সই, এই দুটি শহরে বিমান চলাচল চালু হতে চলেছে শীঘ্রই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে এই দুটি জায়গায় বিমান চালানোর দাবি জানিয়েছিল দুর্গাপুর ও আসানসোল বণিকসভার প্রতিনিধিরা। তারপর থেকেই কেন্দ্রীয় অসমারিক পরিবহন মন্ত্রকের সঙ্গে কথা বলা শুরু করে রাজ্য সরকার। বিমান চালানোর জন্য রাজ্য সরকারই চাপি গোস্টীর সঙ্গে যোগাযোগ করে বিমান চালানোর কথাবার্তা শুরু করে।

এক্ষেত্রে এয়ারোট্রপলিশের সঙ্গে চাপি ইন্টারন্যাশনাল বিমান

পরিষেবা শুরুও হয়েছে। তবে মুন্সই ও চেন্নাইয়ের বিমান চালানোর সবুজ সংকেত বিমানবন্দর কর্তৃপক্ষ পেয়েই গিয়েছে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তৎপরতায় অন্ডাল থেকে দিল্লি এয়ার ইন্ডিয়ান বিমান পরিষেবা চালু হয়েছে দীর্ঘদিন আগেই। কিন্তু অন্ডাল থেকে চেন্নাই বিমান পরিষেবা চালু করার দাবি এই অঞ্চলের মানুষ বহুদিন ধরে জানিয়ে আসছিলেন। প্রসঙ্গত, অন্ডাল থেকে চেন্নাই এবং অন্ডাল থেকে মুন্সই এই দুটি রুটে বিমান চলাচল শুরু হলে শুধুমাত্র আসানসোল ও দুর্গাপুরের মানুষ নয়, পার্শ্ববর্তী



কাজী নজরুল ইসলাম বিমানবন্দর।

কয়েক মাস চলার পর আশানুরূপ যাত্রী না পাওয়ার কারণে এয়ার ইন্ডিয়ান দিল্লি রুটে বিমান পরিষেবা বন্ধ হয়ে যায়। অন্ডাল বিমানবন্দরে এসে নামেন দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি থেকে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা পর্যন্ত। দেশের প্রথম এই বেসরকারি বিমাননগরী গড়ে তোলার মূল কারিগর সিঙ্গাপুরের চাপি ইন্টারন্যাশনাল এবং এই দেশের বেঙ্গল এয়ারোট্রপলিশ প্রজেক্ট লিমিটেড। এই দুই সংস্থার হাত ধরেই এই বেসরকারি বিমান নগরীর জন্ম। মোট ১১ টি মৌজার জমিতে এই বিমান নগরী গড়ে উঠেছে।

বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া জেলার মানুষ যেমন উপকৃত হবেন তেমনি উপকৃত হবেন পার্শ্ববর্তী রাজ্য ঝাড়খণ্ড ও বিহারের প্রচুর মানুষ। রাজ্যের রাজনৈতিক পালাবদলের পর অন্ডাল এ দেশের প্রথম বেসরকারি উদ্যোগে কাজী নজরুল ইসলাম বিমানবন্দর চালু হয়। ২০০০ সাল থেকে এই বিমানবন্দরের কাজ চালু হয় কিন্তু ২০১১ পরে এই কাজে দ্রুততা আসে। প্রথমে অন্ডালে বিমানবন্দর থেকে পবন হংসের এয়ার ট্যাক্সি পরিষেবা চালু হয়। তারপর ছোট বিমান চালু হয় দিল্লির উদ্দেশ্যে। পরে এয়ার ইন্ডিয়ান বিমান চলাচল শুরু হয় কলকাতা থেকে অন্ডাল এবং দিল্লি এই রুটে। কিন্তু বেশ